গাংনীতে স্বদেশ প্রত্যাবর্তনকারি সামরিক কল্যাণ কমিটির মহা সমাবেশ

১৯৭১ সালে পাকিস্তান কারাগারে বন্দী সকল অবসরপ্রাপ্ত সামরিক সদস্যদের মুক্তিযোদ্ধা হিসেবে তালিকাভুক্তি করনের দাবীতে মহা সমাবেশ করেছে স্বদেশ প্রত্যাবর্তনকারি অবসর প্রাপ্ত সামরিক কল্যাণ কমিটি।

আজ শনিবার বেলা ১২ টার সময় মেহেরপুরের গাংনী উপজেলার গাড়াডোব গ্রামে এ মহা সমাবেশ অনুষ্ঠিত হয়।

সমাবেশে সভাপতিত্ব করেন কেন্দ্রীয় কমিটির কার্যনির্বাহী পরিষদের সভাপতি অবসরপ্রাপ্ত সার্জেন্ট রফিজ উদ্দীন। প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন জাহাঙ্গীর নগর বিশ্ব বিদ্যালয়ের সাবেক ছাত্রলীগ নেতা ওহিদুজ্জামান শাফিউল।

জাহিদ হুসাইনের সঞ্চালনায় সমাবেশে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, অবসর প্রাপ্ত অনারারি ক্যাপ্টেন ফজলুল হক, অবসরপ্রাপ্ত সিনিয়র অফিসার আব্দুস সামাদ,অবসরপ্রাপ্ত সার্জেন্ট মিজানুর রহমান,অবসরপ্রাপ্ত সার্জেন্ট সাজাহান আলী,ওয়ারেন্ট অফিসার মোয়াজ্জেম হোসেন। এসময় সামরিক সদস্যদের পরিবারের সদস্যরাও উপস্থিত ছিলেন।

এসময় বক্তারা বলেন মহান মুক্তিযুদ্ধের সময় পাকিস্তানের কারাগারে বন্দী থাকা অবসরপ্রাপ্ত সামরিক সদস্যদের মুক্তিযোদ্ধা হিসেবে তালিকাভুক্তি করে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহামনের প্রতিশ্রুতি বাস্তবায়ন করতে হবে। ১৯৭১ সালে জাতির জনক আমাদের মুক্তিযোদ্ধা হিসেবে তালিকায় আনার প্রতিশ্রুতি দিয়েছিলেন।